# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 09.08.2024 Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর –

১) প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রয়াণে রাজ্যবাসী শোকস্তব্ধ। আজ নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালে হবে মরণোত্তর দেহদান।

২) মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঝাড়গ্রাম স্টেডিয়ামে বিশ্ব আদিবাসী দিবসের মূল অনুষ্ঠানে যোগ দেবেন।

৩) বাংলাদেশের সাম্প্রতিক অস্থির পরিস্থিতির প্রেক্ষিতে সীমান্তে কাঁটাতারের বেড়া বসানোর কাজ দ্রুত শেষ করার উদ্যোগ নেওয়া হয়েছে।

৪) ঘূর্ণাবর্তের প্রভাবে রাজ্যের প্রায় সব জেলাতেই হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আলিপুর আবহাওয়া দফতর ।

৫) সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গণে গতকাল ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপার জায়েন্ট ৬-০ গোলে ইন্ডিয়ান এয়ারফোর্সে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooooooo

প্রাক্তন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্যের প্রয়াণে রাজ্যবাসী শোকস্তব্ধ। পিস ওয়ার্ল্ডে শায়িত তাঁর দেহ আজ সকাল ১০-টায় বের করা হবে। সাড়ে ১০-টা নিয়ে যাওয়া হবে বিধানসভা ভবনে। সেখানে বিধানসভার অধ্যক্ষ সহ বিভিন্ন রাজনৈতিক দলের বিধায়করা তাঁকে শেষ শ্রদ্ধা জানাবেন।

দুপুর ১২-টায় বুদ্ধবাবুর দেহ নিয়ে যাওয়া হবে  সিপিআইএম-এর রাজ্য দফতর মুজাফর আহমেদ ভবনে। ৩-টে ১৫ মিনিট পর্যন্ত সেখানে তাঁর দেহ শায়িত থাকবে জনগণের শ্রদ্ধা নিবেদনের জন্য।

বিকেল সাড়ে তিনটেয় শোক মিছিল করে বুদ্ধদেববাবুর দেহ নিয়ে যাওয়া হবে দীনেশ মজুমদার ভবনে। সেখানে তিনটে ৪০ পর্যন্ত শ্রদ্ধাজ্ঞাপনের জন্য দেহ শায়িত থাকবে। এরপর ৪-টে নাগাদ নীলরতন সরকার মেডিকেল কলেজ হাসপাতালে তাঁর মরণোত্তর দেহদান করা হবে।

গতকালই প্রাক্তন মুখ্যমন্ত্রীর চক্ষুদান করা হয়। রিজিওনাল ইনস্টিটিউট অফ অপথালমোলজিতে তাঁর কর্নিয়া অন্য রোগীর চোখে প্রতিস্থান করা হয় বলে জানা গেছে।

গতকাল দক্ষিণ কলকাতার পাম অ্যাভিনিউ-র বাড়িতে হৃদরোগে আক্রান্ত হয়ে প্রবীণ এই সি পি আই এম নেতার জীবনাবসান হয়। দীর্ঘদিন ধরেই তিনি ফুসফুসের সংক্রমণজনিত সমস্যায় ভুগছিলেন।

oooooooooooooooooooooooo

সি পি আই এম-এর সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরি তাঁর শোকবার্তায় বলেছেন,  রাজ্যের উন্নতির জন্য তাঁর ভাবনা ও প্রয়াস রাজ্যবাসী চিরকাল মনে রাখবে। প্রবীণ কৃষক নেতা হান্নান মোল্লা বলেন,রাজনীতিবিদ ছাড়াও তিনি সাহিত্যিক সমাজের কাছেও ছিলেন শ্রদ্ধাশীল।

প্রয়াত মুখ্যমন্ত্রীর সঙ্গে দীর্ঘদিন কাজ করা প্রবীণ সি পি আই এম নেতা অশোক ভট্টাচার্য স্মৃতি চারণে রাজ্যের বিভিন্ন সমস্যা নিয়ে তাঁর গভীর চিন্তাভাবনার কথা তুলে ধরলেন।

(বাইট – অশোক ভট্টাচার্য)

ব্যক্তিগত স্মৃতিচারণ করলেন নাট্যকর্মী, অভিনেতা চন্দন সেন।

(বাইট – চন্দন সেন)

oooooooooooooooooooooooo

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঝাড়গ্রাম স্টেডিয়ামে বিশ্ব আদিবাসী দিবসের মূল অনুষ্ঠানে যোগ দেবেন। গতকালই দু-দিনের সফরে ঝাড়গ্রামে পৌঁছন। তাঁর

সঙ্গে আছেন বনমন্ত্রী বীরবাহা হাঁসদা, পর্যটন এবং তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ইন্দ্রনীল সেন প্রমুখ।

মুখ্যমন্ত্রী আজ এই দিনটি উদযাপনের মঞ্চ থেকেই নব গঠিত ঝাড়গ্রাম জেলাশাসকের দফতরের দ্বারোদ্ঘাটন সহ ৩০০ কোটি টাকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন। এর মধ্যে

শিলান্যাস হবে ১২০ কোটি টাকার প্রকল্পের এবং উদ্বোধন হবে ১৮০ কোটি টাকার প্রকল্পের। এখান থেকেই মুখ্যমন্ত্রী, রাজ্যের অন্য জেলার জন্যও প্রায় ১০০০ কোটি টাকার বিভিন্ন প্রকল্পের শিলান্যাস ও উদ্বোধন করবেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

নাগরিকদের মধ্যে দেশপ্রেমের বোধ জাগ্রত করতে আজ থেকে ১৫ আগস্ট সারা দেশে হর ঘর তিরাঙ্গা অভিযান পালিত হবে। নতুন দিল্লিতে গতকাল এক সাংবাদিক সম্মেলনে সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত প্রত্যেক দেশবাসীকে তাদের বাড়িতে ত্রিবর্ণ রঞ্জিত পতাকা উত্তোলন করার  তিরঙ্গার সঙ্গে সেলফি তোলা এবং হর ঘর তিরঙ্গা ওয়েবসাইটে আপলোড করার আহ্বান জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী কলকাতার আঞ্চলিক সংবাদ বিভাগ, অস্থায়ী ভিত্তিতে বাংলায় এডিটর, সংবাদ পাঠক তথা অনুবাদক, রিপোর্টার এবং প্রযোজনায় সহায়তাকারী ব্রডকাস্ট অ্যাসিস্ট্যান্ট নিয়োগ করবে। প্রার্থীদের ঠিকানা হতে হবে কলকাতা ও তার কাছাকাছি এলাকায়। আবেদন জমা দেওয়ার শেষ তারিখ ১৯ শে আগস্ট। কিভাবে আবেদন করতে হবে এবং প্রার্থীদের যোগ্যতামান সংক্রান্ত বিস্তারিত তথ্যের পূর্ণাঙ্গ বিজ্ঞাপন পাওয়া যাবে আকাশবাণী সংবাদ কলকাতা ফেসবুক ও ইনস্টাগ্রাম এবং আকাশবাণী কলকাতা এক্স হ্যান্ডেল ও ওয়েবসাইটে। আকাশবাণী ভবনের মূল রিসেপশনে নোটিশ বোর্ডেও এই সংক্রান্ত বিজ্ঞাপন টাঙানো থাকবে।

oooooooooooooooooooooo

বাংলাদেশের সাম্প্রতিক অস্থির পরিস্থিতির প্রেক্ষিতে সেদেশের সীমান্তে কাঁটাতারের বেড়া বসানোর কাজ দ্রুত শেষ করারও উদ্যোগ নেওয়া হয়েছে। প্রায় ২২৪ কিমি সীমান্তে কাঁটাতার বসানোর কাজ শেষ করার জন্য জমির বন্দোবস্ত করতে তৎপর হয়েছে রাজ্য সরকার। অনুমোদিত অংশের মধ্যে ৪৩ কিমির জমি অধিগ্রহণের প্রক্রিয়া ইতিমধ্যেই শেষ হয়েছে। এপর্যন্ত দফায় দফায় আরও প্রায় ২৬৭ কিমি জমি কেনার ছাড়পত্র রাজ্য মন্ত্রিসভা দিয়েছে। প্রশাসনিক সূত্রে জানা গেছে রাজ্যের ২২০০ কিলোন্তের মধ্যে ইতিমধ্যেই কাঁটাতার বসাবার কাজ শেষ হয়েছে প্রায় ১৬০০ কিমি এলাকায়। কাঁটাতারবিহীন সীমান্ত এলাকার অনেকাংশই নদীবেষ্টিত। তবে যেখানে নদী নেই, সেখানে কাঁটাতার বসাবার কাজটি সম্পূর্ণ করে ফেলতে কেন্দ্র ও রাজ্য উভয় পক্ষেই তৎপরতা দেখানো হচ্ছে।

প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের বর্তমান পরিস্থিতির প্রেক্ষিতে উদ্বেগের কথা জানিয়েছে সামাজিক সংগঠন - পশ্চিমবঙ্গ নাগরিক মঞ্চ। নাগরিক মঞ্চের তরফ থেকে এক প্রেস বিবৃতিতে, সেখানকার বর্তমান প্রশাসন, শুভ বুদ্ধি সম্পন্ন সাধারন মানুষ ও ছাত্র সমাজের কাছে বাংলাদেশের সংখ্যালঘুদের সুরক্ষা, নিরাপত্তা, প্রতিটি মানুষের ধর্ম, রাজনীতি, জীবিকা, সুরক্ষিত করার আর্জি জানানো হয়। এ ব্যাপারে বাংলাদেশের রাষ্ট্রপতির কার্যালয়ে ও কলকাতায় বাংলাদেশের ডেপুটি হাইকমিশনারের কার্যালয়ে ৫০ জন বিদ্বজনের স্বাক্ষর করা চিঠি দেওয়া হয়েছে বলে নাগরিক মঞ্চের ওই বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

oooooooooooooooooooooo

বাংলাদেশে অস্থির পরিস্থিতির প্রেক্ষিতে সোমবার থেকে পেট্রাপোল সীমান্ত দিয়ে দু-দেশের মধ্যে আমদানি-রফতানি বন্ধ থাকার পর গতকাল সকাল থেকে আবার তা শুরু হয়েছে। গত বুধবার উভয়দেশের প্রতিনিধিদের মধ্যে বৈঠকে সিদ্ধান্ত হয়, বাংলাদেশে আটকে থাকা ভারতীয় পণ্যবাহী ট্রাকগুলি তারা দ্রুত খালি

করে ভারতে পাঠাবে। ভারত থেকে পণ্য বাংলাদেশে যাওয়ার নতুন ব্যবস্থাও শুরু হবে। গত চারদিনে কয়েকশো কোটি টাকার ক্ষতি হওয়ার পর পুনরায় দু-দেশের মধ্যে বাণিজ্য চালু হওয়ায় ব্যবসায়ীরা খুশি।

oooooooooooooooooooooo

বাংলাদেশে অস্থিরতার জেরে এদেশের জঙ্গি অনুপ্রবেশের আশঙ্কার প্রেক্ষিতে সীমান্তে নজরদারি আরও জোরদার করা হয়েছে। জলপাইগুড়ির দক্ষিণ বেরুবাড়ির নলজোওয়া পাড়া এলাকায় গতকাল  গ্রামবাসীদের সঙ্গে বৈঠক করেন বিএসএফ-এর ৯৩ নম্বর ব্যাটালিয়নের আধিকারিকরা। শরনার্থী বেশে কোনোভাবেই যাতে জঙ্গিরা প্রবেশ করতে না পারে সেবিষয়ে গ্রামবাসীদের সতর্ক করা হয়। সীমান্তের ১৬ কিলোমিটার এলাকার জমি সমস্যা মিটিয়ে দ্রুত কাঁটা তারের বেড়া দেওয়ার আবেদন জানান গ্রামবাসীরা।

oooooooooooooooooooo

রোহতাক থেকে রাঁচী বালেশ্বর হয়ে পূর্ব মধ্য বালেশ্বর পর্যন্ত প্রসারিত মৌসুমী অক্ষরেখা এবং ঝাড়খন্ড সংলগ্ন উত্তর ওড়িশা ও ছত্তিশগড়ের ওপর ঘূর্ণাবর্তের প্রভাবে পশ্চিমবঙ্গের প্রায় সব জেলাতেই আজ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর।

উত্তরবঙ্গের জেলাগুলিতে সোমবার ১২ই আগস্ট পর্যন্ত ভারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে। জলপাইগুড়ি, কালিম্পং ও আলিপুরদুয়ার জেলায় গতকাল ভারী থেকে অতিভারী বৃষ্টির কমলা সতর্কতা এবং দার্জিলিং ও কোচবিহারে ভারি বৃষ্টির হলুদ সতর্কতা জারি করা হয়। আজ ও আগামীকাল এই পাঁচ জেলাতেই হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

বৃষ্টিতে জলঢাকা, সঙ্কোশ ও তোর্সা নদীর জল বাড়ছে। নীচু এলাকাগুলি প্লাবিত হওয়ার আশঙ্কাও দেখা দিয়েছে। দার্জিলিং ও কালিম্পং -এ ধসেরও আশঙ্কা রয়েছে।

দক্ষিণবঙ্গেও মঙ্গলবার ১৩ ই আগস্ট পর্যন্ত বেশিরভাগ জেলায় বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আজ ও বীরভূম, দুই বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, দুই ২৪ পরগণা ও হুগলী জেলায় থাকছে হলুদ সতর্কতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রবল বৃষ্টিতে উত্তরবঙ্গে বাগডোগরা-নকশালবাড়ি রেললাইনের ওপর গাছ ভেঙে ওভারহেড তার ছিঁড়ে পড়ায় গতকাল বেশ কিছুক্ষণ রেল পরিষেবা ব্যাহত হয়। বেশ কয়েকটি প্যাসেঞ্জার ট্রেন বাগডোগরা ও নক্সালবাড়ি স্টেশনে দাঁড়িয়ে পড়ে। বাগডোগরার গুরুদুয়ারা এলাকায় ওভারহেড তার ছিড়ে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে মারা যায় একটি মোষ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল ডুরান্ড কাপ ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ৬-০ গোলে ইন্ডিয়ান এয়ারফোর্সকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের পক্ষে জেসন কামিন্স দুটি, টম এলফ্রেড, লিস্টন কোলাসো, অনিরুদ্ধ থাপা, জি স্টুয়ার্ট একটি করে গোল করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কল্যাণী স্টেডিয়ামে গতকাল কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলে পিয়ারলেস স্পোর্টস ক্লাব ২-০ গোলে রেলওয়ে এফসিকে হারিয়ে দিয়েছে। গোল করেছেন অরিত্র ঘোষ ও আকাশ মন্ডল। ব্যারাকপুর স্টেডিয়ামে অন্য ম্যাচে পাঠচক্র ৩-২ গোলে খিদিরপুর স্পোর্টিং ক্লাবকে পরাজিত করেছে। পাঠচক্রর পক্ষে অর্ঘ্য সরকার, শুভজিৎ মাণ্ডি, সত্রীয়া বক্সী ও খিদিরপুরের পক্ষে রাকেশ সিং দুটি গোলই করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০